# দায়িত্ব নেওয়ার পর প্রথমবার বঙ্গভবনে অস্থায়ী রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন



অস্থায়ী রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো বঙ্গভবনে গেছেন অস্থায়ী রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ। মঙ্গলবার (২৮ জুলাই) সকাল ১১টার দিকে তিনি বঙ্গভবনে পৌঁছান।

বঙ্গভবনে পৌঁছালে পুলিশের একটি অশ্বারোহী দল তাকে স্বাগত জানায়। পরে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) পক্ষ থেকে তাকে আনুষ্ঠানিকভাবে গার্ড অব অনার দেওয়া হয়। এরপর তিনি বঙ্গভবনে নিজের কার্যালয়ে যান এবং জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে পরিচিত হন। এ সময় রাষ্ট্রপতির সামরিক সচিব ও জনবিভাগ সচিব বঙ্গভবনের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে তাকে অবহিত করেন।

পরে অস্থায়ী রাষ্ট্রপতি বঙ্গভবনের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন।

এর আগে মো. সাহাবুদ্দিন রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করার পর স্পিকার হাফিজ উদ্দিন আহমদ অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন। নতুন রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত তিনি এ দায়িত্ব পালন করবেন। তবে নিয়মিত দাফতরিক কার্যক্রম পরিচালনা করলেও তিনি বঙ্গভবনে অবস্থান করবেন না। সংসদে স্পিকারের সরকারি বাসভবনেই থাকবেন অস্থায়ী রাষ্ট্রপতি।